

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২৪১  
পানিসাগর ১৫ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০  
দামছড়া ব্লকভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল দামছড়া ব্লক কার্যালয় প্রাঙ্গণে দামছড়া ব্লকভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। বিকাশ শিবিরের উদ্বোধন করেন পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামছড়া ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান উপেন্দ্র রিয়াং। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দামছড়া ব্লকের এবিডিও অর্জুন চন্দ্র দেবনাথ, ডিসিএম সুকুমার রিয়াং, দামছড়া বিদ্যালয় পরিদর্শক সুজিত দেববর্মা, সমাজসেবী রাজেশ সিনহা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন দামছড়া ব্লকের বিডিও ডেভিড হালাম। ব্লকভিত্তিক বিকাশ শিবিরে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয় এবং সরকারি বিভিন্ন প্রকল্প সম্পর্কে জনগণকে সচেতন করা হয়। শিবিরে কৃষি দপ্তরের পক্ষ থেকে ২ জন সুবিধাভোগীকে পাওয়ারটিলার ও ৫ জনকে স্প্রে মেশিন দেওয়া হয়। এছাড়া ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের পক্ষ থেকে দামছড়া ব্লক এলাকার ১২টি স্বসহায়ক দলকে আর্থিক সহায়তা দেওয়া হয়। শিবিরে পানিসাগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ২১৬টি পিআরটিসি, ২৫০টি ইনকাম, ১৭৮টি এসটি, ২০টি এসসি, ৪৩টি ওবিসি সার্টিফিকেট, ৩১টি আধার কার্ডের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়।

\*\*\*\*\*